কোটচাঁদপুরে মিথ্যা মামলা থেকে অব্যহতি চান ভুক্তভোগী পিতা-পুত্র

পিতা-পুত্রের নামে আদালতে মিথ্যা মামলা দিয়ে হয়রানি করার অভিযোগ উঠেছে জামাল হোসেনের বিরুদ্ধে। সে কোটচাঁদপুর উপজেলার রাঙ্গিয়ারপোতা গ্রামের মৃত সৈয়দ আলীর ছেলে। সংশ্লিষ্ট কর্তাব্যক্তিদের নিকট ভুক্তভোগী পরিবারটি এ মিথ্যা ও হয়রানি মূলক মামলা থেকে অব্যহতি ও সুষ্ঠু বিচারের দাবি জানিয়েছেন।

রাঙ্গীয়ারপোতা গ্রামের হাবিবুর রহমান বলেন, জমিটা আলমগীরের কোন কাজে লাগতো না। এ কারনে এতদিন পড়েছিল। ওই সুযোগে তারা জমির মাঝ দিয়ে রাস্তা বানিয়ে ব্যবহার করছিল। এখন তাঁর কাজে লাগছে। এ কারনে জমিটি ঘিরে দিয়েছেন আলমগীর। আর ওই জমিটির উপর দিয়ে কোন সরকারি রাস্তা কোনদিনও ছিল না। আমার জানা মতে তাদের সঙ্গে রাস্তা দেবার জন্য প্রতিশ্রুতিও ছিল না। জামাল হোসেন, আলমগীর ও তার ছেলের নামে মিথ্যা মামলা করে শুধুই হয়রানি করছেন।
ওই গ্রামের আব্দুল হালিম বলেন,জামাল হোসেন, আলমগীরদের কিছুই হয় না। জামাল কুমিল্লার মানুষ। সে এখানে এসে বাড়ি বেধে বসবাস করছেন। আর আলমগীর হোসেন এখনকার বসতি মানুষ। দীর্ঘদিন ধরে এখানে বসবাস করছেন। এ ছাড়া জামাল হোসেন তাদের কোন শরিকও না।

তিনি বলেন, জামাল হোসেন, যে রাস্তার জন্য আদালতে মামলা করেছেন। তিনি নিজেই প্রাচীর নির্মান করে ওই রাস্তা আগেই বন্ধ করেছেন। এখন সে অন্যের জমির উপর দিয়ে রাস্তা বানাতে আদালতে মিথ্যা মামলা করে তাদের শুধুমাত্র হয়রানিই করছেন।

এ ব্যাপারে ভুক্তভোগী আলমগীর হোসেন বলেন, জামাল হোসেন, বিল্লাল হোসেন ও মিজানুর রহমান একই পরিবারের তিন ভাই। তারা উপজেলার রাঙ্গিয়ারপোতা গ্রামে মৃত সৈয়দ আলীর ছেলে। ওই তিন ভাই আমার কেনা জমির মাঝ দিয়ে চলাচলের রাস্তা দাবি করে আসছিল।

আমি ওই জমির পাশ দিয়ে, তাদের চলাচলের রাস্তা দিতে রাজি হই। এরপরও তারা কোন কথা না শুনে গায়ের জোরে ওই জমির মাঝ দিয়ে চলাচল করতে থাকে।

আমি কোন উপায় না পেয়ে রাস্তা বন্ধ করতে বাধ্য হয়। এতে তারা ক্ষিপ্ত হয়ে আদালতে আমার ও আমার ছেলের নামে মিথ্যা মামলা দায়ের করেছেন। যাতে করে সামাজিক ভাবে আমাদের সম্মানের হানি ঘটেছে।

জামাল হোসেন মামলায় বলেছেন, আর এস ৮৫ নং খতিয়ানের আর এস ১৩০৭ নং দাগের রাস্তার সমপরিমাণ জমি বিনিময় করিয়া ব্যবহার করছেন। এটা সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট কথা। তাদের সঙ্গে এমন কোন চুক্তি আমার সঙ্গে আদৌও ছিল না। যা আমি আদালতের নৌটিশের জবাবে আগেই বলেছি। এ ছাড়া তিনি আমার বিরুদ্ধে যে অভিযোগ করেছেন তা কোনটাই সত্য নয়।

এ সব তারা আমাকে হয়রানি করার জন্য করেছেন। বিষয়টির আমি সুষ্ঠু তদন্ত পূর্বক বিচারের জন্য সংশ্লিষ্ট কর্তব্যক্তিদের আশুহস্তক্ষেপ কামনা করছি।

অভিযুক্ত জামাল হোসেন বলেন,ওই রাস্তা সমপরিমাণ জমি আমরা তাকে দিয়ে চলাচল করতাম আগে থেকে। এখন আলমগীর হোসেন আর দিতে চাচ্ছেন না। অনেকবার রাস্তা নিয়ে ওনার সঙ্গে কথা বলা হয়েছে। ওনি রাজি না হওয়ায় আমরা বাধ্য হয়ে আদালতের শরাপন্ন হয়েছি।

এ ব্যাপারে এলাঙ্গী ইউনিয়ন ভুমি অফিসের তহসিলদার শরিফুল ইসলাম বলেন,ওই সংক্রান্ত একটা রিপোর্ট দিয়ে ছিলাম। বেশ কিছু দিন হয়ে গেছে। আমার ঠিক মনে পড়ছে না,কি দিয়ে ছিলাম।

কোটচাঁদপুর মনিরুলের কাঠের তৈরী শিল্পকর্ম

প্রাতিষ্ঠানিক শিক্ষা ছাড়াই মনের ভিতরের ছবি গুলো কাঠের মাধ্যমে গড়ে চলেছেন কাজী মনিরুল ইসলাম। তিনি আপন মনে এ শিল্পকর্মটি করছেন কোটচাঁদপুরের খন্দকারপাড়ার নিজ বাড়িতেই।গড়েছেন মুক্তিযোদ্ধা সহ বিভিন্ন শিল্পকর্ম। এর মধ্যে কয়েকটি শেষ হলেও চলমান রয়েছে বেশ কয়েকটি। মুক্তিযোদ্ধার উপর গড়া কাঠের শিল্পকর্মটি সুযোগ হলে মুক্তিযোদ্ধা যাদু ঘরে দেবার ইচ্ছা আছে জানিয়েছেন ওইশিল্পী।

জানা যায়, গরুর ফার্ম,তেলের ব্যবসা সহ বেশ কয়েকটি ব্যবসার সঙ্গে জড়িত ছিলেন কাজী মনিরুল ইসলাম। করোনা মহামারিতে ব্যবসা ভাল হচ্ছিল না। প্রায় লোকসান হচ্ছিল। এ কারনে অবসরে যাবার পরের কাজটি শুরু করেছেন তিনি। কোন প্রাতিষ্ঠানিক শিক্ষা না থাকলেও, মনের ভিতরের ছবিগুলো কাঠের মধ্যে ফুটিয়ে তুলতে শুরু করেছেন তিনি। আর এ কাজটি করছেন নিজ বাড়িতেই কাঠ দিয়ে গড়া ছোট একটি ঘরে।

ইতোমধ্যে তিনি কয়েকটি শিল্পকর্ম শেষ করেছেন। যা মানুষের মনে অনেকটা জায়গা করে নিয়েছেন। এর মধ্যে রয়েছে,মাঠ থেকে খেজুরের রস সংগ্রহ করে নিয়ে যাচ্ছেন গাছি,ঈগল পাখি,বগ পাখি। চলমান রয়েছে আরো বেশ কয়েকটি শিল্প কর্ম। যার মধ্যে রয়েছে মুক্তিযোদ্ধা নিয়ে একটি বড় শিল্পকর্ম।

তিনি বলেন, সব কিছু একটা ছক ছিল আমার। জীবনের একটা সময় আমি অবসরে যাব। ওই সময় এ কাজগুলো করব। তবে করোনার কারনে একটু এলোমেলো হয়ে গেছে। অবসরের আগেই জীবনে অবসর চলে এসেছে।

তিনি বলেন,আমি শারিরীক ভাবে একটু অসুস্থ্য। এ কারনে করোনার ভিতর বাইরে যায় না। এ ছাড়া শিল্প কর্ম আমার ভিতরে ছোট বেলা থেকে ছিল। সেটাই করার চেষ্টা করছি। কাজ করে যাচ্ছি,যদি ভাল কিছু করতে পারি। তাহলে তো একটা ভাল কিছু আশা করতেই পারি।

এ শিল্প কর্মগুলোর মধ্যে মুক্তিযোদ্ধার উপর গড়া শিল্পকর্মটি সুযোগ হলে ঢাকা মুক্তিযোদ্ধা যাদু ঘরে দেবার ইচ্ছা রয়েছে আমার।

ঝিনু জানান,অনেক আগে থেকে ফলের বাগানের প্রতি আমার আগ্রহ বেশি। এ কারনে আম আর লিচুর বাগান আছে ৩০ বিঘা। যা থেকে চলে আমার জীবিকা। শিল্পকর্ম নিয়ে তিনি বলেন,এ কাজগুলো করতে কিছু কাঠ বাজার থেকে সংগ্রহ করতে হয়েছে। আর কিছু কাঠ আমার বাগান থেকে কাটা হয়েছে। একটা শিল্প কর্ম শেষ করতে প্রায় ৫/৭ হাজার টাকার ব্যয় হয়েছে।

[redacted] ‘[redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [

কোটচাঁদপুরে এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত

সময়মতো নিলে পরিবার পরিকল্পনা পদ্ধতি, শিশু ও মাতৃস্বাস্থ্যের হবে উন্নতি এ শ্লোগানে কোটচাঁদপুরে সেবা ও প্রচার সপ্তাহ উপলক্ষে এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার উপজেলা সম্মেলন কক্ষে এ সভা করা হয়।

এ্যাডভোকেসি সভায় সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা আবু হেনা মোস্তাফিজ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি ফারজেল হোসেন মন্ডল, সাবদারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল মান্নান, কোটচাঁদপুর পৌর সভার প্যানেল মেয়র জাহিদ হোসেন।

এ সময় বক্তব্য রাখেন, কোটচাঁদপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহক আলী। এ ছাড়া উপস্থিত ছিলেন মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, সাংবাদিক নজরুল ইসলাম ও সুব্রত কুমার। এর আগে কোরাআন তেলোয়াত করেন,খায়রুল বাশার,গীতা পাঠ করেন,গীতা চৌধুরী।

কোটচাঁদপুরে কিশোরদের সচেতনতা মূলক প্রশিক্ষন অনুষ্ঠিত

কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষন ও প্রশক্ষনের সামগ্রী বিতরণ করা হয়েছে। রবিবার দুপুরে কোটচাঁদপুরের শেরখালী মাধ্যমিক

বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে এ সব দেয়া হয়।

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প(ইরেসপো) ২য় পর্যায় এ প্রশিক্ষণের আয়োজন করেন।

প্রশিক্ষনে সভাপতিত্ব করেন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্কাস উদ্দিন । প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ,কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মঈন উদ্দিন, কোটচাঁদপুর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা ও কোর্স পরিচালক সেলিম রেজা।

এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ইউনুচ আলী। এরপর ছাত্রছাত্রীদের হাতে স্যানেটারী প্যাড,খাতা,কলম ও প্রশিক্ষন সামগ্রী তুলে দেয়া হয়।

জানা যায়, এ প্রকল্পের আওতায় কোটচাঁদপুরে দুইটি মাধ্যমিক বিদ্যালয় স্থান পেয়েছেন। যার মধ্যে ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয় ও শেরখালী মাধ্যমিক বিদ্যালয়।

এর উদ্দেশ্য সম্পর্কে কোর্স পরিচালক বলেন,এ প্রকল্পের মাধ্যমে ছাত্রীদেরকে বাল্যবিবাহ,যৌন হয়রানি সহ বিভিন্ন বিষয়ে সচেতন করা হয়।

এ ছাড়া ছাত্রীদেরকে এর মাধ্যমে সঞ্চয়ী হিসেবে গড়ে তোলার জন্য প্রশিক্ষিত করা হচ্ছে।

কোটচাঁদপুর থেকে ৩টি ককটেল ও ৫টা পেট্রোল বোমা উদ্ধার, আটক ২

পৌর বিএনপির অফিসের পিছন থেকে ৫ টি ককটেল ও ৩ টি পেট্রোল বোমা উদ্ধার করেছেন কোটচাঁদপুর থানা পুলিশ। ওই ঘটনায় পুলিশ দুইজনকে

আটক করেছেন। বৃহস্পতিবার তাদেরকে আদালতে সোপর্দ করা হয়েছে।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,বুধবার রাতে কোটচাঁদপুর পৌর বিএনপির অফিসের পিছন থেকে ৫ ককটেল ও ৩ টি পেট্রোল বোমা উদ্ধার করেছেন।
ওই ঘটনায় কামরুল হাসান (কাকন) বাদি হয়ে কোটচাঁদপুর থানায় মামলা করেছেন। যার নাম্বার- ৩,তারিখ- ৭-১২-২২।

ওই মামলায় দুইজনকে আটক করা হয়েছে। আটককৃতদের একজন কোটচাঁদপুর উপজেলার গোবিন্দপুর গ্রামের মৃত চাঁদ আলীর ছেলে মোয়াজ্জেম হোসেন ও কোটচাঁদপুর পৌরসভার ভবানিপুর গ্রামের আবুল কাশেমের ছেলে ওয়াসিম হোসেন।

পারিবারিক সুত্রে জানা যায়,ওয়াসিম হোসেন কোটচাঁদপুর পৌর শহরের মোবাইল ব্যবসায়ি,সে কোন দল করেন না। অন্যদিকে মোয়াজ্জেম হোসেন সাবদারপুর ইউনিয়নের ৯নং ওয়ার্ড বিএনপির সভাপতি। সে পেশায় একজন কৃষক। ঘটনার দিন মোয়াজ্জেম হোসেন বাড়ির সামনে বসে ছিল। এ সময় পুলিশ তাকে আটক করেন। অন্যদিকে ওয়াসিমকে আটক করেন তাঁর ব্যবসা প্রতিষ্ঠানের সামনে থেকে।

কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) হাসানুর রহমান বলেন, কোটচাঁদপুর পৌর বিএনপির অফিসের পিছন থেকে ৩ টি ককটেল ও ৫ টা পেট্রোল বোমা উদ্ধার করা হয়েছে। ওই ঘটনায় ২ জনকে আটক করা হয়েছে। ওই ঘটনায় কামরুল হাসান বাদি হয়ে থানায় মামলা করেছেন। বৃহস্পতিবার সকালে তাদেরকে আদালতে পাঠিয়েছেন কোটচাঁদপুর থানা পুলিশ।

কোটচাঁদপুরে বিকাশ থেকে হ্যাক হওয়া টাকা নিয়ে বিপাকে ১

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বলেন, ওই ঘটনায় থানায় জিডি করেছেলেন উম্মে কুলসুম। যার নাম্বার-৬৪৫,তারিখ -১৪-১১-২২। আমরা ব্যবস্থা নেওয়ার জন্য সাইবার ক্রাইমের কাছে হস্তান্তর করেছি। তারা বিষয়টি দেখছেন।

কোটচাঁদপুরে কিশোরদের সচেতনতা মূলক প্রশিক্ষন ও প্রশিক্ষণ সামগ্রী বিতরণ

কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষন ও প্রশক্ষনের সামগ্রী বিতরণ করা হয়েছে। সোমবার দুপুরে কোটচাঁদপুরের ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে এ সব সামগ্রী দেয়া হয়।

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প(ইরেসপো) ২য় পর্যায় এ প্রশিক্ষণের আয়োজন করেন।

প্রশিক্ষনে সভাপতিত্ব করেন ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুদ্দিন আহম্মদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ইউনুছ আলী। প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণার্থীদের মধ্যে বক্তব্য রাখেন, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মঈনুদ্দিন।

প্রশিক্ষনের পর ছাত্রছাত্রীদের হাতে প্রশিক্ষন সামগ্রী তুলে দেয়া হয়। এ সামগ্রীর মধ্যে ছিল,স্যানেটারী প্যাড,খাতা,কলম।

জানা যায়, এ প্রকল্পের আওতায় কোটচাঁদপুরে দুইটি মাধ্যমিক বিদ্যালয় স্থান পেয়েছেন। যার মধ্যে ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয় ও শেরখালী মাধ্যমিক বিদ্যালয়। এর উদ্দেশ্য সম্পর্কে কোর্স পরিচালক বলেন,এ প্রকল্পের মাধ্যমে ছাত্রীদেরকে বাল্যবিবাহ,যৌন হয়রানি সহ বিভিন্ন বিষয়ে সচেতন করা হয়। এ ছাড়া ছাত্রীদেরকে এর মাধ্যমে সঞ্চয়ী হিসেবে গড়ে তোলায় এ প্রশিক্ষিণের মূল লক্ষ্য।

কোটচাঁদপুরে ব্রাজিল-আর্জেটিনা ভক্তদের ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

কাতার ফুটবল বিশ্বকাপে না কোটচাঁদপুর কেএমএইচ ডিগ্রি কলেজ মাঠে মুখোমুখি ব্রাজিল-আর্জেটিনা ফুটবল দল । এসকেএফ ফার্মাসিউটিক্যালর্সের আয়োজনে শনিবার বিকেলে এ খেলাটি অনুষ্ঠিত হয়। খেলায় জয়লাভ করেন আর্জেটিনা ফুটবল দল।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,শনিবার বিকেল ৩ টার সময় কোটচাঁদপুর কেএমএইচ ডিগ্রি কলেজ মাঠে ব্রাজিল-আর্জেটিনা ম্যাচটি অনুষ্ঠিত হয়। খেলায় অংশ গ্রহন করেন কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের ডাক্তার, কর্মকর্তা ও কর্মচারিরা। আর খেলাটি অনুষ্ঠিত হয় এসকেএফ ফার্মাসিউটিক্যালর্সের ইসোরাল মাপর্স ও অষ্টোক্যাল জে আরের সৌজন্যে।

খেলার নির্ধারিত সময় পার হয় গোল শুন্য অবস্থায়। তবে পরে খেলাটি ট্রাইবেকারে মীমাংসিত হয়। খেলায় জয়লাভ করেন আর্জেটিনা ফুটবল দল।

পরে জয়ীদের মধ্যে পুরস্কার বিতরন করা হয়। পুরস্কার বিতরন করেন কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ।

এ সময় উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কনসালট্যান্ট রাইসুল ইসলাম জুয়েল,আবাসিক মেডিকেল অফিসার কৃষ্ণ কমল পাল সাগর, মেডিকেল অফিসার রাজিয় সুলতানা, এস কে এফ ফার্মাসিউটিক্যালের এ এস এম টিপু সুলতান, এফ এম রঞ্জু রয়,সিনিয়র এম এস ও রুহি দাস সাহা,সাইদুর রহমান।

কোটচাঁদপুর রেলস্টেশনের বাউন্ডারি রেলিং থেকে গৃহবধূর মৃতদেহ উদ্ধার

কোটচাঁদপুর রেলস্টেশনের বাউন্ডারি রেলিং থেকে গলায় রশি দেয়া গৃহবধূর মৃতদেহ উদ্ধার করেছেন যশোর জিআরপি পুলিশ। শনিবার সকালে এ লাশ উদ্ধার করেন তারা।

মৃত রেহেনা খাতুনের মা রেবেকা খাতুন বলেন,শুক্রবার রাতে জামাই ফোন করে জিজ্ঞাসা করছিল,রেহেনা আমাদের বাড়িতে গেছে কিনা। রাত থেকে তাকে খুজে পাওয়া যাচ্ছিল না। এরপর থেকে আমাদের প্রতিটি আত্মীয়-স্বজনদের বাসায় খোঁজ করি। শনিবার সকালে জামাই আবার ফোন করে। বলে রেহেনাকে পাওয়া গেছে। ভাল আছে তাড়াতাড়ি চলে আসেন। এরপর এসে দেখতে পায় আমার মেয়ের লাশ রেলের রেলিং ঝুলছে।

তিনি বলেন, গেল ২০ বছর আগে রেহেনাকে কোটচাঁদপুরের রুদ্রপুর গ্রামের বিশারত আলীর সঙ্গে বিয়ে দিই। সংসারে তাদের ২ টি ছেলে মেয়েও আছে।

জানা যায়,মৃত রেহেনা খাতুন (৩০)। সে কোটচাঁদপুর পৌরসভাধীন রুদ্রপুর গ্রামের বিশারত আলী স্ত্রী। তবে আত্মহত্যার প্রকৃত কারন এখনও জানা সম্ভব হয়নি। স্থানীয়রা বলছেন,পারিবারিক কলহ থেকে এ আত্মহত্যার ঘটনা ঘটতে পারে।

যশোর জি আর পি পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক(এসআই) অসিম কুমার দাস বলেন,লাশের সুরতহাল রিপোর্ট করে ময়না তদন্তের জন্য যশোর নেয়া হবে। এরপর ময়না তদন্ত শেষে লাশটি,তাঁর স্বজনদের কাছে হস্তান্তর করা হবে। প্রাথমিক তদন্তে কি পেলেন, এ প্রশ্নে তিনি বলেন, প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে, সে আত্মহত্যা করেছেন। তবে ময়না তদন্ত রিপোর্ট হাতে পাওয়ার পর বল সম্ভব হবে, প্রকৃত ঘটনা কি।